
'এবং মহুয়া' -বিশ্ববিদ্যালয় মঞ্জুরী আয়োগ (U.G.C.- CARE List) অনুমোদিত
তালিকার অন্তর্ভুক্ত। ভারতীয় ভাষায় পত্রিকা ক্রমিক নং-৯৬, ২০১৯।

# এবং মহুয়া

(বাংলা ভাষা, সাহিত্য ও গবেষণাধর্মী মাসিক পত্রিকা)

২২ তম বর্ষ, ১২০ সংখ্যা, এপ্রিল, ২০২০



সম্পাদক
ডা. মদনমোহন বেরা

কে.কে. প্রকাশন
গোলকুঁয়াচক, মেদিনীপুর, প.বঙ্গ।

'Ebong Mahua'--UGC - CARE Approved listed Journal.
Journal Serial No.-96 (Indian Languages out of 114), Bengali, Faculty of Arts journal Serial No.--32

# EBONG MAHUA

**Bengali Language, Literature, Research and Referred with Peer-Review Journal**

**22th Year, 120 Volume**

**April, 2020**

**Published By**

**K. K. Prakashan**

**Golekuachawk, P.O.-Midnapur, 721101. W.B.**

DTP and Printed By

**K.K.Prakashan**

Cover Designed By

**Kohinoorkanti Bera**

Special Editorial Co-ordinator

**Amit Kumar Maity**

**Communication :**

**Dr. Madanmohan Bera, Editor.**

**Golekuachawk, P.O.-Midnapur, 721101. W.B.**

**Mob.-9153177653**

**Email- madanmohanbera51@gmail.com /**

**kohinoor bera @ gmail.com**

**Rs 500**

# সূচীপত্র

১.অথকিম্ রূপকে প্রতিফলিত রাষ্ট্রচিন্তার সমীক্ষা
:: নিবেদিতা ঘোষ........................................৯
২.বিশ শতকের ভারতীয় রাজনীতি ও সঞ্জয় ভট্টাচার্যের ছোটগল্প
:: মিনাল আলি মিয়া........................................১৪
৩.কোচবিহার রাজ্যে বাংলা ভাষা ও সাহিত্যচর্চায় বৌদ্ধিক সমাজ
:: প্রসেনজিৎ রায়........................................২৩
৪.প্রাক্-আধুনিক পর্বে দক্ষিণ-পশ্চিম বঙ্গের মদের ব্যবসায়
ঔপনিবেশিক শাসনের প্রভাব
:: কাজী আক্তার আলি........................................৩৭
৫.বাঙালি বৈষ্ণব আলংকারিকগণের ভাবনায় প্রাচ্যরসতত্ত্বের সংবেদ
:: নীলকমল বাগুই........................................৫২
৬.বিশ শতকের আট' দশকের মেয়েদের কবিতায় প্রত্নকথার
নবনির্মাণ : একটি আলোচনা
:: সেখ পারভেজ হোসেন........................................৬২
৭.সলিল সেন রচিত 'নতুন ইহুদি' নাটকে দেশভাগ পরবর্তী
বাস্তুহারা মানুষের জীবনযাত্রার চিত্র
:: অন্তিমা ভট্টাচার্য........................................৬৮
৮.বিশ্বসাহিত্য ও শ্রীমদ্ভগবদ্গীতা : একটি সমীক্ষা
:: শ্যামল গোস্বামী........................................৭৭
৯.ভারতবিভাগ এবং ইহার আর্থ-সামাজিক ও রাজনৈতিক প্রভাব
:: মধুসূদন প্রামাণিক........................................৯২
১০.সৈয়দ মুজতবা আলীর উপন্যাসের ভাষা
:: সিমূম খান........................................১০২
১১.শহীদুল জহিরের নির্বাচিত ছোটগল্পে নির্মিত বিকল্প-বাস্তবতার
মেধাবী খনন
:: তিলক মণ্ডল........................................১১০

১২.মেদিনীপুরের জঙ্গল-অধ্যুষিত অঞ্চলে ব্রিটিশঔপনিবেশিক বিস্তার-বিরোধী জমিদারী প্রতিরোধ ও'চুয়াড়'বিদ্রোহ
::সৌমেন ভট্টাচার্য্য..........১২৫
১৩.রথীন্দ্রনাথ ঠাকুর : ব্যক্তি মানুষের সন্ধানে
:: সঞ্জীব মান্না..........১৩৩
১৪.ছড়ায় অন্নদাশঙ্করের কলকাতা-দর্শন
:: মহম্মদ ওমর..........১৪০
১৫.শরৎচন্দ্রের 'গৃহদাহ' : দর্শনের আলোকে
:: সঞ্চিতা কবি..........১৫২
১৬.মুকুন্দরামের চন্ডীমঙ্গল কাব্য-মঙ্গলগান,পাঁচালী,আখ্যায়িকা ও নাট্যগীতি : পুরাতন প্রসঙ্গের নব মূল্যায়ন
:: অজয় কুমার দাস..........১৬০
১৭.ডায়াস্পারিক কথান্যাসে কেতকী কুশারী ডাইসন : একটি নিবিড় পাঠ
:: মিষ্টু রায় সামন্ত..........১৬৮
১৮. বাংলা নাট্যসাহিত্যের ব্যতিক্রমী নারী : 'নুরজাহান' নাটকের প্রেক্ষিতে
:: অর্ঘ্য হালদার..........১৭৮
১৯.মল্লিকা সেনগুপ্তের কবিতায় মহাভারতের প্রয়োগ
:: রচনা রায়..........১৮৬
২০.রবীন্দ্রনাথ এবং বাদল সরকার : একটি অন্বেষণ
:: অমর চন্দ্র রায়..........১৯৫
২১.বাঙালি জাতীয়তাবাদে নাটক : সেকাল আর একাল
:: অসীম কুমার মন্ডল..........২০১
২২.পাঞ্জাবের দেশভাগ কথাসাহিত্য : প্রসঙ্গ ছোটগল্প
:: উৎকলিকা সাহু..........২০৯
২৩.কেহ ভোলে,কেউ ভোলে না যে: প্রসঙ্গত'কেউ কথা রাখেনি'
:: আকাশ বিশ্বাস..........২১৬
২৪.স্মৃতি বিস্মৃতির চেয়ে কিছু বেশি
:: পঙ্কজ চক্রবর্তী..........২২৮
২৫.'বিলাপ-পঞ্চিকা' কাব্যের ছন্দে অভিনবত্ব
:: মধুসূদন মাকুড়..........২৩১
২৬.দেশভাগ ও দেশত্যাগ:এক উদ্বাস্তু কুম্ভকারের মাটিমাখাআত্মকথা
:: বৈশাখী চক্রবর্তী..........২৩৫

# বাঙালি জাতীয়তাবাদে নাটক : সেকাল আর একাল

অসীম কুমার মন্ডল

বাংলা নাটকের জন্ম লগ্ন থেকে জাতীয়তাবাদী নাটক রচনার যে ধারা চলে আসছে, স্বাধীনতাপূর্ব ও উত্তর যুগে এবং একবিংশ শতকে এসেও তার অবসান হয়নি। বদল হয়েছে কেবল, পাত্র-পাত্রী,ঘটনা, বিষয়বস্তু এবং উপাদানে। সময়ের এগিয়ে চলার সঙ্গে সঙ্গে এসেছে এক নতুন কাল, নতুন মানুষ। দেশের স্বাধীনতার জন্য, সার্বভৌমত্ব রক্ষার জন্য সমাজের এইসব সাধারণ মানুষের কঠিন আত্মত্যাগ,দুঃখ বরণ, বীরত্বপূর্ণ সংগ্রামের আদর্শ ১৯৪৭-এর পূর্ববর্তী ও পরবর্তী সময়ের দেশাত্মবোধক নাটকে নায়কত্বের গৌরব অর্জন করেছে। বিশেষ করে বিংশ শতকে রচিত অসংখ্য বাংলা নাটক এইরূপ জাতীয় জাগরণে সহায়ক হয়েছিল। সাহিত্যের বিভিন্ন ধারার মত নাটকও বাঙালি মানসে জাতীয় চেতনা সঞ্চার করে জনগণকে বৃটিশ বিরোধী এবং যে কোন অন্যায়ের বিরুদ্ধে গণ আন্দোলনে উৎসাহিত করেছিল। অস্বীকার করার উপায় নেই যে, ১৯শতকে দেশের বিভিন্ন স্থানে সকল জনগণের মধ্যে স্বতঃস্ফূর্ত ঐক্যবোধ সেই অর্থে সম্ভব ছিল না। ইংরেজদের শোষণ সম্পর্কে সংখ্যা গরিষ্ঠ অশিক্ষিত মানুষের মধ্যে তাই সচেতনতা বৃদ্ধি করে তাদের ঐক্যবদ্ধ ভাবে শোষণের বিরুদ্ধে রুখে দাঁড়াতে সাহস যুগিয়েছিল সেই সময়ের অসংখ্য বাংলা নাটকগুলি।

উনিশ শতক বলছি এই অর্থে যে, ভারতবর্ষে ইংরেজ শাসন বলবৎ হওয়ার পর এই শতক থেকেই মূলতঃ ভারতবর্ষের বিভিন্ন প্রদেশে ধীরে ধীরে জাতীয় চেতনা জাগ্রত হতে থাকে। তাই প্রাচীন কাল থেকেই যে কোন আঙ্গিকে রচিত কিছু নাটক লেখা হলেও বাস্তবিক ক্ষেত্রে বৃহৎ পরিসরে বিস্তৃত এই দেশের জন্য দেশাত্ববোধের এই ধারা ঐসব নাটকে কতটুকু প্রতিফলিত হয়েছিল,তা বিচার্য বিষয়। তাই ভারতবর্ষ বৃটিশ শাসনাধীন হওয়ার পর থেকে সাহিত্যের অন্যান্য শাখার মত নাটকের মাধ্যমে দেশের সাধারণ জনগণ কতটা উদ্বুদ্ধ হয়েছিল এবং বৃটিশ বিরোধী হয়েছিল সেই দিকে দৃষ্টিপাত করা যেতে পারে। ভারতবর্ষের সর্বত্র বিভিন্ন পথে ইংরেজদের সাম্রাজ্যবাদী রূপ তুলে ধরার যে প্রয়াস নেওয়া হয়েছিল বাংলা প্রদেশে বাঙালিরা সেই প্রচেষ্টায় সর্বাধিক গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিল। ঔপনিবেশিক শাসন বিরোধী জন-চেতনা জাগরণে বাঙালি নাট্যকাররা তাঁদের বিভিন্ন দেশাত্মবোধক নাটক রচনার দ্বারা আপামর বাঙালিকে উদ্দিপ্ত করেছিল।[১]

ইংরেজ শোষণ বিরোধী জাতীয়তাবোদের মনোভাব পরিস্ফূট হয়েছে উনিশ শতকে রচিত অসংখ্য নাটকে। প্রকৃতপক্ষে সময়ের পরিবর্তনের সঙ্গে সঙ্গে মানুষের